**জীবন বীমা কর্পোরেশন**

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

জনসংযোগ বিভাগ, প্রশাসন ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

**তারিখ :** ১৩ আষাঢ় ১৪৩১ / ২৭ জুন ২০২৪

**স্মারক নম্বর:** ৫৩.১৯.৯০০১.০১০.০০.০০৪.২০২৪- ৫১

**বিষয়: তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির এর ৩য় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ আবু কাউছার জলিল, জেনারেল ম্যানেজার (চঃদা)-উন্নয়ন ডিভিশন, জেবিসি। |
| স্থান | : কমিটির আহবায়কের অফিস কক্ষ (প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন, ঢাকা)। |
| তারিখ ও সময় | : ২৬-০৬-২০২৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার বিকাল ৩.০০ টা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক'। |

২.০ সভাপতি সভার শুরুতেই সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর নির্দেশনা অনুযায়ী তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক (এপিল-জুন ২০২৪) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। এ পরিকল্পনার অধীনে বিভিন্ন কার্যক্রম এবং সংশ্লিষ্ট কর্মসম্পাদনের নির্ধারিত সূচকসমূহ,যথা-নির্ধারিত সময়ে তথ্য প্রদান, ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ, বার্ষিক প্রতিবেদন প্রকাশ, তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরী, প্রচার কার্যক্রম ও প্রশিক্ষণ আয়োজন নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এনআইএস পোর্টালে অন্তর্ভুক্ত করা ও এ তথ্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে । কমিটি পর্যায়ক্রমে সূচকসমূহের অগ্রগতি পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করে।

### ৩.০ সিদ্ধান্তসমূহ:

| ক্রমিক | বিষয়বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|
| ১) | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান | যাচিত সময়ে দেশের কোন নাগরিকের নিকট হতে এ সংক্রান্ত বিষয়ে কোন তথ্য চেয়ে আবেদন পাওয়া যায় নি। পাওয়া গেলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মিজানুর রহমান, ম্যানেজার-পিআরডি এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব শুভাশীষ কর্মকার শুভ,সিনিয়র প্রোগ্রামার-আইসিটি নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>**সিদ্ধান্ত:** দেশের কোন নাগরিকের নিকট হতে কোন তথ্য চেয়ে আবেদন পাওয়া গেলে নিষ্পত্তি সম্পর্কিত তথ্য প্রতিবেদন এবং কোন আবেদন পাওয়া না গেলে শুন্য প্রতিবেদন এনআইএস পোর্টালে অন্তর্ভুক্ত করা ও এ তথ্য এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং জনসংযোগ বিভাগ |
| ২) | [১.২] স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | এ সংক্রান্ত বিষয়ে সভা অবহিত হয় জীবন বীমা কর্পোরেশনের বিভিন্ন বিভাগের চাহিদাপত্র অনুযায়ী আইসিটি ডিভিশন হতে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা অব্যাহত রাখা ।<br>**সিদ্ধান্ত:** এ বিষয়ে আইসিটি ডিভিশনের স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য (যদি থাকে) হালনাগাদ করে ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত ওয়েবসাইটে প্রকাশ করে অচিরেই তা এপিল-জুন ২০২৪খ্রিঃ মাসের প্রতিবেদন সংগ্রহ করে এনআইএস পোর্টালে অন্তর্ভুক্ত করা ও এ তথ্য এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | আইসিটি ডিভিশন এবং প্রশাসন ডিভিশন |
| ৩) | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | কর্পোরেশনের ২০২২ সনের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। তা কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। কমিটি অবহিত হয় যে, ২০২২ সনের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে অচিরেই প্রকাশ করা হয়েছে। এ ছাড়া প্রকাশের তারিখ ও এর স্কিনশট নিয়ে এনআইএস পোর্টালে অন্তর্ভুক্ত করা ও এ তথ্য দ্রুত এফআইডিতে প্রেরণ করা।<br>**সিদ্ধান্ত:** আইসিটি ডিভিশন ২০২২ সনের প্রকাশিত চূড়ান্ত বার্ষিক প্রতিবেদনটি কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারের সাথে লিংক প্রদান করবে এবং উহার স্কিনশট সংগ্রহ করে এনআইএস পোর্টালে অন্তর্ভুক্ত করা ও এ তথ্য এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। এ ছাড়া ২০২৩ সনের | অর্থ ও হিসাব ডিভিশন এবং আইসিটি ডিভিশন |

| | | | |
|---|---|---|---|
| | | ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য অধিকার কর্ণারের সাথে লিংক প্রদান করতে হবে। | |
| ৪) | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ | কমিটি অবগত হয় কর্পোরেশনের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করা প্রয়োজন। কমিটি এই তালিকাটি কর্পোরেশনের ওয়েব সাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব প্রদান করেন।<br>**সিদ্ধান্ত:** চুড়ান্তভাবে প্রস্তুতকৃত তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ আইসিটি ডিভিশন হতে কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করে তথ্যের স্ক্রীনশট সংগ্রহ করে এ তথ্য এনআইএস পোর্টালে অন্তর্ভুক্ত করা ও এ তথ্য এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | জনসংযোগ বিভাগ, প্রশাসন ডিভিশন এবং আইসিটি ডিভিশন |
| ৫) | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের বিষয়ে সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণকল্পে কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করা হয়েছে। এছাড়াও তথ্য কমিশনের শ্লোগান বিভিন্ন কর্পোরেশনের ক্যালেন্ডার, ডায়েরীতে প্রকাশসহ পত্র পত্রিকায় বিজ্ঞাপন ও প্রেস রিলিজ প্রকাশসহ লিফলেট, পোস্টার এবং ব্যানার বিতরন বা টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং অন্যান্য কর্মসূচি আরো বৃদ্ধি করা প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করা হয়।<br>**সিদ্ধান্ত:** জনসংযোগ বিভাগ হতে লিফলেট, পোস্টার এবং ব্যানার বিতরন বা টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণসহ ৪র্থ ত্রৈমাসিক (এপিল-জুন ২০২৪) মাসের প্রতিবেদন সংগ্রহ করে এনআইএস পোর্টালে অন্তর্ভুক্ত করা ও এ তথ্য এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। | প্রশাসন ডিভিশনের জনসংযোগ বিভাগ, প্রশিক্ষণ বিভাগ ও সংস্থাপন বিভাগ এবং আইসিটি ডিভিশন |
| ৬) | [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন | কর্মকর্তাদের জন্য তথ্য অধিকার বিষয়ে ইতিমধ্যে সম্পাদিত প্রশিক্ষণ কোর্স ৩০-০৬-২০২৪ খ্রি: তারিখের মধ্যে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের যাবতীয় তথ্য কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করতে হবে।<br>**সিদ্ধান্ত:** প্রশিক্ষণ বিভাগ হতে ৪র্থ ত্রৈমাসিক (এপিল-জুন ২০২৪) মাসের প্রশিক্ষণ প্রতিবেদন সংগ্রহ করে সকল তথ্য কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ এবং উহার স্ক্রীনশট এনএসআই পোর্টালে অন্তর্ভুক্ত করা ও এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | প্রশিক্ষণ বিভাগ এবং আইসিটি ডিভিশন |

৪.০ কমিটির আহবায়ক মহোদয় ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী অবশিষ্ঠ সময়ের মধ্যে কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৬.২৪

মোহাম্মদ আবু কাউছার জলিল
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)-উন্নয়ন ডিভিশন
ও
আহবায়ক,তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**স্মারক নম্বর:** ৫৩.১৯.৯০০১.০১০.০০.০০৪.২০২৪-৫১

১৩ আষাঢ় ১৪৩১
তারিখ : ২৭ জুন ২০২৪

**বিতরণ:**

০১। জেনারেল ম্যানেজার (চঃদাঃ)-উন্নয়ন ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা। — আহবায়ক
০২। ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম। — সদস্য
০৩। ম্যানেজার-কেন্দ্রীয় হিসাব শাখা ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। — সদস্য
০৪। সিনিয়র প্রোগ্রামার-আইসিটি প্রধান কার্যালয়, ঢাকা। — সদস্য
০৫। ম্যানেজার-জনসংযোগ , প্রধান কার্যালয়, ঢাকা। — সদস্য সচিব

২৭/০৬/২৪

**(মোঃ মিজানুর রহমান)**
ম্যানেজার-পিআরডি
এবং
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

**প্রতিলিপি:**

০১। জনাব আবু আবেদ মুহাম্মদ শোয়াইব, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটিডি।
০২। পিএস টু এমডি; ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। সংশ্লিষ্ট নথি।

# জীবন বীমা কর্পোরেশন

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
প্রশাসন ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর বাস্তবায়নে তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২৪) সভার উপস্থিতির তালিকা।

সভাপতি: জনাব মোহাম্মদ আবু কাউছার জলিল-জেনারেল ম্যানেজার, উন্নয়ন ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন।
তারিখ : ২৬/০৬/২০২৪ তারিখ বুধবার।
স্থান : জেনারেল ম্যানেজার, উন্নয়ন ডিভিশন, এর অফিস কক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ আবু কাউছার জলিল<br>জেনারেল ম্যানেজার-উন্নয়ন ডিভিশন | আহবায়ক | [signature] ২৬/৬/২৪ |
| ০২ | জনাব মোঃ মাসুদুর রহমান<br>ম্যানেজার- প্রশিক্ষণ ও প্রশাসন | সদস্য | [signature] ২৬/০৬/২০২৪ |
| ০৩ | জনাব শাহ মোঃ কামরুজ্জামান<br>ম্যানেজার- কেন্দ্রীয় হিসাব | সদস্য | [signature] ২৬/৬/২৪ |
| ০৪ | জনাব শুভাশীষ কর্মকার শুভ<br>সিনিয়র প্রোগ্রামার-আইসিটি | সদস্য | [signature] 26.06.24 |
| ০৫ | মোঃ মিজানুর রহমান<br>ম্যানেজার- পিআরডি<br>সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য সচিব | [signature] ২৬/৬/২৪ |

# জীবন বীমা কর্পোরেশন

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
জনসংযোগ বিভাগ, প্রশাসন ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

স্মরক নং-৫৩.১৯.৯০০১.০১০.০০.০০৪.২৪- ৫০ তারিখ: ২৫/০৬/২০২৪খ্রি:

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের (এপ্রিল-জুন ২০২৪) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (RTI) কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (RTI) কমিটির ৪র্থ সভা কমিটির আহবায়ক জেনারেল ম্যানেজার-উন্নয়ন ডিভিশন এর অফিস কক্ষে আগামী ২৬/০৬/২০২৪ তারিখ বুধবার, বিকাল ৩ টার সময় অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন কমিটির আহবায়ক, জনাব মোহাম্মদ আবু কাউছার জলিল।

সভায় কমিটির সকল সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার বিনীত অনুরোধ করছি।

২৫/০৬/২৪

মোঃ মিজানুর রহমান
ম্যানেজার-পিআরডি
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (RTI)
প্রধান কার্যালয়, ঢাকা।

বিতরণঃ

১. জেনারেল ম্যানেজার- উন্নয়ন ও আহবায়ক।
২. সিনিয়র প্রোগ্রামার-আইসিটি ও সদস্য।
৩. ম্যানেজার- কেন্দ্রীয় হিসাব ও সদস্য।
৪. ম্যানেজার- প্রশিক্ষণ ও সদস্য।
৫. সংশ্লিষ্ট নথি।